সংবাদ

তারিখ 07 OCT 2013
পৃষ্ঠা ২০ কলাম ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং : স্বাঃ অধিঃ/চিঃ শিঃ/ভর্তি/এমবিবিএস/বিডিএস/২০১৩-২০১৪/১৯২ তারিখ : ০৬.১০.২০১৩ ইং

এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল
শিক্ষাবর্ষ : ২০১৩-২০১৪

সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস এবং বিডিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ০৪-১০-২০১৩ইং তারিখ লিখিত ভর্তি পরীক্ষা গৃহীত হয়। নীতিমালার শর্তানুযায়ী লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে প্রাপ্ত নম্বর যোগ করে অর্জিত স্কোরের ভিত্তিতে (মেধা ও পছন্দ) ৩৩৪৪ জন ছাত্র-ছাত্রীকে ২২টি সরকারি মেডিকেল কলেজ, ০১টি ডেন্টাল কলেজ ও ০৮টি মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হল।

আসন বন্টন নিম্নরূপ :

এমবিবিএস কোর্সে সাধারণ আসন ২৭৩৭টি, মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাদের পুত্র-কন্যার জন্য ৫৫টি আসন সংরক্ষিত, পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য ২০টি সংরক্ষিতসহ মোট ২৮১২টি আসন।

বিডিএস কোর্সে সাধারণ আসন ৫১৭টি, মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাদের পুত্র-কন্যার জন্য ১০টি, উপজাতীয় ৫টি আসনসহ মোট ৫৩২টি আসন।

একই সঙ্গে মেধাভিত্তিক ৬৩১ (ছয়শত একত্রিশ) জনকে অপেক্ষমাণ তালিকায় রাখা হয়েছে। তারা আসন শূন্য হলে মেধা ও পছন্দ অনুযায়ী ভর্তির সুযোগ পাবেন। নির্বাচিত ছাত্র-ছাত্রীগণ সংশ্লিষ্ট মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ অধ্যক্ষের অফিসে ভর্তির ব্যাপারে যোগাযোগ করবেন।

আগামী ২০-১০-২০১৩ ইং হতে ০৫-১১-২০১৩ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত কলেজ কর্তৃপক্ষকে অবশ্যই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নীতিমালানুযায়ী পর্যায়ক্রমে তিনবার মাইগ্রেশন ব্যতীত কোন কলেজে বদলির কোন সুযোগ নেই।

ফল প্রকাশের পর ২০-১০-২০১৩ ইং হতে ০৫-১১-২০১৩ ইং তারিখের মধ্যে ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) টেলিটক SMS এর মাধ্যমে জমা দিয়ে স্বীয় পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষার জন্য আবেদন Submit করতে পারবেন। পুনঃনিরীক্ষার ফলাফল আবেদনকারীকে যথাসময়ে জানান হবে। এ ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ফলাফল পুনঃনিরীক্ষণ পদ্ধতি : টেলিটকের যে কোন প্রিপেইড মোবাইল থেকে SMS করুন।

১ম SMS : DGHS<Space>RSC<Space>Roll no লিখে পাঠিয়ে দিন 16222 নম্বরে। (যেমন DGHS<>RSC<>119999 ফিরতি Message এ একটি PIN নম্বর পাবেন।

২য় SMS : ফি প্রদানের জন্য প্রাপ্ত PIN নম্বর দিয়ে SMS করুন, DGHS<>RSC<>YES<>PIN এবং পাঠিয়ে দিন 16222 নম্বরে (যেমন : DGHS<>RSC<>YES<>3699) ফিরতি SMS এ ফি জমা বাবদ একটি প্রাপ্তি স্বীকার SMS পাবেন।

কলেজ কর্তৃপক্ষ নিজ সুবিধামত ২০১৪ ইং সনের জানুয়ারীর প্রথম সপ্তাহে ক্লাশ শুরু করবেন।

ফলাফল ও ভর্তি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট মেডিকেল কলেজ ও www.dghs.gov.bd ওয়েব সাইট থেকে জানা যাবে।

ভর্তির সময় নিম্নলিখিত কাগজ-পত্র জমা দিতে হবে

১. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
২. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/টেস্টিমোনিয়াল।
৩. জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।
৪. চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
৫. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চিফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চিফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার প্রদত্ত সনদপত্র।

প্রার্থীর মুক্তিযোদ্ধা কোটার সপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদ। মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১ তারিখ : ০৯ মে, ২০১১ খ্রিষ্টাব্দের জারিকৃত বিধি অনুসরণ করতে হবে।

বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে ভর্তি বিষয়ে পরবর্তীতে বিজ্ঞপ্তি দেওয়া হবে।

প্রকাশিত ফলাফলের উপর বিধিসম্মত যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের অধিকার কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।

অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
ফোন : ৮৮২৫৪০০, ফ্যাক্স - ৯৮৮৬৬১২
Email : abmhannan@gmail.com

ডিজি-১৫৬৩/১৩ (১০"×৩)